

## ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা (ইউনিয়ন সহায়িকা)

বাংলাদেশের মাঠ পর্যায়ের সকল কৃষিকর্মী কর্তৃক স্থানীয় পরিকল্পনা প্রণয়ন এবং গবেষণাকর্মীদের দ্বারা স্থানভিত্তিক সমস্যা চিহ্নিত করা এবং তা সমাধানে সঠিক গবেষণা কার্যক্রম পরিচালনায় মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকাটি একটি মূল্যবান দলিল হিসাবে ব্যবহৃত হয়ে আসছে। উপজেলা নির্দেশিকা ব্যবহার করে সংশ্লিষ্ট উপজেলার ভূমি, মৃত্তিকা ও পানি সম্পদের বিস্তারিত তথ্য, বর্তমান ফসল বিন্যাস, ফসল/ফসলবিন্যাস ভিত্তিক সার সুপারিশমালা প্রণয়ন পদ্ধতি, ভূমি ব্যবহারের প্রতিবন্ধকতা এবং ফসল উপযোগিতা ও সম্ভাব্য ফসল বিন্যাস পদ্ধতি নিরূপণের উপায় সঠিকভাবে জানা যায়। সামগ্রিক তথ্য পরিবেশন এবং মানচিত্রের মাধ্যমে এলাকা চিহ্নিত করায় ব্যবহারকারীদের জন্য তা সহজবোধ্য।

উপজেলা নির্দেশিকায় বিদ্যমান তথ্য ইউনিয়ন পর্যায়ের কৃষকের কাছে আরো নিবিড়ভাবে পৌঁছানোর জন্য মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা প্রকাশ করেছে। এ সহায়িকা থেকে কৃষকেরা তাদের নির্দিষ্ট ইউনিয়নের জন্য ভূমি ও সেচের তথ্য এবং ঐ ইউনিয়নে আবাদকৃত ফসলের জন্য স্থানভিত্তিক সার সুপারিশ পেতে পারবেন।

উপজেলা নির্দেশিকার তথ্যের ভিত্তিতে অথবা নতুন করে কোন ইউনিয়ন জরিপ করে ইউনিয়ন সহায়িকা প্রস্তুত করা হয়।

এ সহায়িকায় যে সমস্ত প্রধান তথ্য সন্নিবেশিত থাকে তা হলো :

- ভূমি শ্রেণী।
- মাটির উপরিস্তরের বুনট।
- ভূমি শ্রেণীভিত্তিক মাটির উপরিস্তরের গড় রাসায়নিক গুণাবলী।

ভূমি শ্রেণীভিত্তিক মাটির উপরিস্তরের গড় রাসায়নিক গুণাবলী অনুসারে প্রধান প্রধান ফসলের উচ্চ ফলনমাত্রার জন্য সার সুপারিশ।

- রবি মৌসুমে ভূপৃষ্ঠ থেকে পানি অপসারণ অবস্থা।
- নিষ্কাশন শ্রেণী।
- মৌজাভিত্তিক ব্যবহার পদ্ধতি।
- ভূপ্রকৃতি অনুযায়ী বিভিন্ন মানচিত্র একক ও ভূমি শ্রেণী।
- সরেজমিনে মৃত্তিকা দল সনাক্তরণের বৈশিষ্ট্য।
- মৃত্তিকা দল।
- পানি সম্পদ এবং সেচ ব্যবস্থা।
- প্রধান প্রধান ফসলের বর্তমান আবাদকৃত এলাকা ও ফসল বিন্যাস।
- সার প্রয়োগ পদ্ধতি।
- বিশেষ ভূমি ব্যবহার কার্যক্রম।
- সমস্যাসংকুল এলাকা।
- স্থানভিত্তিক মাটির উপরিস্তরের নমুনার রাসায়নিক গুণাবলী।
- মানচিত্র-১: সংশ্লিষ্ট উপজেলার ভূপ্রকৃতি মানচিত্র।
- মানচিত্র-২: ইউনিয়নের মৌজা মানচিত্র।
- মানচিত্র-৩: ইউনিয়নের মৃত্তিকা ও ভূমিরূপ মানচিত্র।